

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫১১

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الفتن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কিয়ামত নিকটবর্তী হওয়া এবং যে ব্যক্তি মৃত্যুবরণ করল তখন হতেই তার কিয়ামত সংঘটিত হয়ে গেল।

الفصل الاول (بَابُ قُرْبِ السَّاعَةِ وَأَنَّ مَنْ مَاتَ فَقَدْ قَامَتْ قِيَامَتُهُ)

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا يَأْتِي مِائَةُ سَنَةٍ وَعَلَى الْأَرْضِ نَفْسٌ مَنفُوسَةٌ الْيَوْمَ». رَوَاهُ مُسْلِمٌ

رواه مسلم (219 / 2539), (6485) -

(صَحِيح)

বাংলা

৫৫১১-[৩] আবু সাঈদ আল খুদরী (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: আজ যারা ভূপৃষ্ঠে বেঁচে আছে, একশত বছর অতিবাহিত হতেই তাদের কেউ জীবিত থাকবে না। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ২১৯-(২৫৩৯), সহীহুল জামি ৫৭৯৫, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৭৫৬০, মুসনাদে আহমাদ ১৪৪৯১, আবু ইয়া'লা ২৭৫৮, সহীহ ইবনু হিব্বান ২৯৮৭, সহীহ আত তারগীব ওয়াত তারহীব ৭৪, আল মু'জামুল আওসাত্ ২২১০, আল মুসতাদরাক লিল হাকিম ৮৫২২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (نَفْسٌ مَنفُوسَةٌ الْيَوْمَ) অর্থাৎ রাসূলুল্লাহ (সা.)-এর সময়কাল থেকে পরবর্তী একশত বছর পর, পৃথিবীতে কোন সাহাবী অবশিষ্ট থাকবে না। এর অর্থ এটা নয় যে, কোন মানুষই বেঁচে থাকবে না। (মিশকাতুল মাসাবীহ; তুহফাতুল আহওয়ামী ৬ষ্ঠ খণ্ড, হা. ৬৫৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85489>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন